



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/১০৫৩

তারিখ: ০৫/০৯/২০২৩

বিষয় : বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এলেম হোসেন মিয়া-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ২৮/১২/২০২২ তারিখের আবেদন।
(২) বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মো: মঈন উদ্দিন-এর ৩০/০৪/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।
(৩) বোর্ডের ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
(৪) ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ২১/০৮/২০২৩ তারিখের ২২৮ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এলেম হোসেন মিয়া-এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটি কর্তৃক আনীত অভিযোগ যথাক্রমে- ১। তিনি অত্র প্রতিষ্ঠানে ০১/০৭/২০০৮ খ্রিস্টাব্দে যোগদানের পর থেকে এসএমসির বিনা অনুমতিতে অনুপস্থিত থেকে পূর্বের প্রতিষ্ঠান চিশতিয়া নূরানী দাখিল মাদ্রাসা কেরানীগঞ্জ ঢাকাতে কর্মরত থেকে সরকারি বেতন ভাতার অংশ গ্রহন করে আসছেন; ২। অদ্যবধি তিনি বিদ্যালয়ে রিজাইন লেটার (অব্যাহতিপত্র) জমা দেন নাই; ৩। তিনি প্রতিষ্ঠানের স্বার্থের চেয়ে ব্যক্তি স্বার্থকে বড় করে দেখা ইত্যাদি অভিযোগে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়।

এমতাবস্থায়, বোর্ডের ১৬/০৭/২০২৩ তারিখে বাদী ও বিবাদী উভয়ের উপস্থিতিতে তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পূঙ্খানুপূঙ্খ বিশ্লেষণপূর্বক বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরী হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ২১/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৮ তম বোর্ড সভায় বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এলেম হোসেন মিয়া-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
শ্রীরামপুর উচ্চ বিদ্যালয়
রায়পুরহাট, মধুখালী
ফরিদপুর।

মেমো নং- ১০৫৩ (১১)

তারিখ: ০৫/০৯/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৭। প্রধান শিক্ষক, শ্রীরামপুর উচ্চ বিদ্যালয়, রায়পুরহাট, মধুখালী, ফরিদপুর।
- ৮। জনাব এলেম হোসেন মিয়া, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), শ্রীরামপুর উচ্চ বিদ্যালয়, রায়পুরহাট, মধুখালী, ফরিদপুর।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


সচিব ০৫/৯/২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


০৫/০৯/২০২৩